

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব রোকেয়া বেগম  
মহিলা ভাইস চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।  
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
তারিখ : ০৯/০৭/২০২১ খ্রি.  
সময় : ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী ও সদস্য সচিব উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি উপজেলার মৎস্য ও প্রাণি সম্পদ উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত
০১	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পাংশা সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে উপজেলার ০২টি ইউনিয়নে মোট ২৩২টি গবাদিপ্রাণিকে সংক্রামক রোগের টিকা প্রদান করা হয়েছে। পোল্ট্রি খামারিদের মাঝে হাঁস-মুরগির রানীক্ষেত এবং ডাকপ্লাগ রোগের মোট ৮,০০০ মাত্রা টিকা বিতরণ করা হয়েছে এবং ৭৯২টি গবাদি প্রাণির চিকিৎসা সহ ২২৪৫০টি হাঁস-মুরগির চিকিৎসা করা হয়েছে। টিকা বীজ বিক্রয় করে সরকারি রাজস্ব জমা হয়েছে ১০,৩৪০/- টাকা।	১. হাঁস/মুরগী ও গবাদিপশু আক্রান্ত না হয় সে দিকে খেয়াল রেখে টিকা প্রদান কর্মসূচি গ্রহণসহ প্রয়োজনীয় ঔষধ সরবরাহ নিশ্চিত এবং আগত সেবাপ্রার্থীকে সঠিক চিকিৎসা ও পরামর্শ দিয়ে সহযোগিতা করতে হবে।
০২	উপজেলা মৎস্য কর্মকর্তা, পাংশা সভায় জানান যে, মৎস্য খামার পরিদর্শন, চাষীদের পরামর্শ, প্রশিক্ষণ, হ্যাচারি ও খাদ্যের দোকান নিবন্ধন ও নবায়ন করা হচ্ছে। এছাড়াও তিনি আরও জানান যে, বর্তমান সময়ে মাছের ক্ষত রোগ হতে পারে বিধায় ক্ষতরোগ হওয়ার পূর্বে ঔষধ ব্যবহার জন্য তিনি পরামর্শ প্রদান করেন এবং মৎস্য চাষে পোলট্রি লিডার ব্যবহার না করার জন্য অনুরোধ জানান এবং পাশাপাশি পিনার হা এবং আফ্রিকান মাগুর মাছ যাতে কেউ চাষ করতে না পারে এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ করা হয়।	২. মৎস্য চাষ উন্নয়নে আধুনিক প্রযুক্তি গ্রহণের মাধ্যমে মৎস্য চাষ কার্যক্রম জোরদার করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(রোকেয়া বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

ও

সভাপতি

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি  
পাংশা, রাজবাড়ী।

তারিখঃ ০৯/০৭/২০২১ খ্রি.

স্মারক নং: ৩৩.০১.৮২৭৩.০০০.১৮.০৫৬.১৮.৯০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

১. জেলা প্রশাসক, রাজবাড়ী।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
৩. উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
৪. জনাব..... সদস্য, উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত উপজেলা কমিটি, পাংশা, রাজবাড়ী
৫. অফিস কপি।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি  
পাংশা, রাজবাড়ী।